গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
ভিআইপি শ্রেণি বরাদ্দ,

www.doga.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.৮

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

বিষয়: **ঢাকার বাহিরে বদলি/পদায়নজনিত কারণে সরকারী বাসায় অবস্থানের বিষয়ে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২ এর উপবিধি ১৫ (২) ও ১৫ (৩) এবং অননুমোদিতভাবে দখলে রাখার কারণে দ্বিগুণ (প্রামাণিক) হারে ভাড়া আদায় বিষয়ে অবহিতকরণ।**

সূত্র: ক) এ পরিদপ্তরের স্মারক -২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.২ তারিখ:২৯/০১/২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত সরকারী কর্মকর্তা-কর্মচারীগণ সরকারী আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসা বরাদ্দ পেয়ে থাকেন এবং পরবর্তীতে দাপ্তরিক প্রয়োজনে তারা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের বাইরে বদলি হয়ে থাকেন। অনেক ক্ষেত্রে বদলির তথ্য এ পরিদপ্তরে প্রেরণ করা হয় না। কিছু সরকারি কর্মকর্তা-কর্মচারী বদলি হওয়ার পর বিধি অনুযায়ী প্রাপ্য সময়ের পরও অননুমোদিতভাবে সরকারি বাসা দখলে রাখেন- যা বাংলাদেশ বরাদ্দ বিধিমালা- ১৯৮২ এর পরিপন্থি। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের বাইরে বদলি হওয়া সত্ত্বেও অননুমোদিতভাবে বাসা দখলে রাখার ফলে নির্দিষ্ট সময় পর বিধি মোতাবেক বাসা ভাড়া ভাতা দ্বিগুণ হয়ে যায়। অনেক সরকারি কর্মকর্তা-কর্মচারী দাবি করেন যে, দ্বিগুণ হারে বাসা ভাড়া ভাতার বিষয়টি তারা অবগত নন এবং তারা অননুমোদিতভাবে বসবাসের কারণে ধার্যকৃত দ্বিগুণ ভাড়া মওকুফের আবেদন করেন। কিন্তু বিধি অনুযায়ী অননুমোদিত অবস্থানের কারণে দ্বিগুণ বাড়ি ভাড়া ভাতা হিসেবে প্রাপ্য সরকারী অর্থ মওকুফ করার এখতিয়ার এ পরিদপ্তরের নেই। উল্লেখ্য পূর্বে এ বিষয়ে "ক" সূত্রস্থ স্মারকে পত্র জারি করা হয়েছিল।

০২) সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২ তে নিম্নরূপ উল্লেখ আছে : (ক) ১৫(২) উপবিধি অনুযায়ী "বরাদ্দ প্রাপক সরকারী কর্মচারীর চাকরি হইতে বরখাস্তের, অপসারণের, চুক্তিভিত্তিক চাকরির সমাপ্তির, পদত্যাগের, বদলির, বিদেশে প্রেষণে নিয়োগের অথবা অবসর গ্রহণের ২ (দুই) মাসের মধ্যে দখল ত্যাগ করিতে হইবে।" (খ) ১৫ (৩) উপবিধি অনুযায়ী " উপবিধিতে-২ তে যাহাই থাকুক না কেন, বরাদ্দ প্রাপকের চাকরি হইতে বরখাস্ত, অপসারণ, পদত্যাগ, অবসরগ্রহণ বা বদলির ক্ষেত্রে যদি উক্ত কর্মচারীর সন্তানের লেখাপড়ার কারণে বরাদ্দ বহাল রাখা একান্ত আবশ্যক হয় ,তাহা হইলে উক্ত বরাদ্দ ৬ (ছয়) মাস পর্যন্ত বহাল রাখার বিষয়টি সরকারের ইচ্ছাধীন থাকিবে।" (গ) ১৯ (২) উপবিধি অনুয়ায়ী "অননুমোদিত দখলের জন্য জাতীয় বেতন স্কেল অনুযায়ী উক্ত কর্মচারীর প্রাপ্য বাড়ী ভাড়া ভাতার দ্বিগুণ হারে অননুমোদিত দখলে থাকা বাসার ভাড়ার হার ধার্য করিতে হইবে।"

০৩) এমতাবস্থায়, ঘটনাত্তোর জটিলতা নিরসনের লক্ষ্যে উপরে উল্লিখিত বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করে সময়মতো ব্যবস্থা গ্রহণে সকলে সচেষ্ট থাকা এবং অধীনস্থদের সদয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।



১৯-১১-২০২৬
মোঃ জহিরুল ইসলাম খান
পরিচালক
ফোন : +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স : ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল : director@doga.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।
৩। সকল বিভাগীয় কমিশনার।
৪। সকল জেলা প্রশাসক।
৫। অতিরিক্ত উপ- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, অডিট ভবন,কাকরাইল।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.৮/১ (৫)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অনুবিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪। সচিব-এর একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৫। সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর (ওয়েবসাইটে / সামাজিক মাধ্যমে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ)।



২৪-১১-২০২৬
মোঃ জহিরুল ইসলাম খান
পরিচালক